

ঢাকা ওয়াসা

২০২৬-২০২৭ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।

ছবি

প্রাক্কলন

বিষয়: মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ-৫০৫ এর গুলশান-১ রোড নং- ১৮, ১৩২ ও গুলশান এ কে খন্দকার রোড এলাকায় পয়ঃ লাইনের ব্লক ছাড়ানো এবং ম্যানহোল কভার রাইজিং এর কাজ।

১) উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ-৫০৫ গুলশান-১ রোড নং- ১৮, ১৩২ ও গুলশান এ কে খন্দকার রোড এলাকায় পয়ঃলাইনের ম্যানহোল রয়েছে যা রাস্তার সাথে সমতলে নেই। আলোচ্য রাস্তাটি দিয়ে সব সময় ভি আই পি মুভমেন্ট থাকে। সম্প্রতি ট্রাফিক বিভাগের টি আই, বর্তমান স্বাস্থ্যমন্ত্রীর এ পি এস উল্লেখিত রাস্তাটির ম্যানহোল কভার এর কারনে রাস্তাটির সমস্যা সমাধানে অনুরোধ জানান। এছাড়া- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর প্রধান, মাননীয় প্রধানমন্ত্রীর গমনাগমনের পথ হওয়ায় বিষয়টি গুরুত্বের দাবি রাখে। আলোচিত বিষয়াদির গুরুত্ব বিবেচনায় ম্যানহোল ক্লিনিং সহ রাইজিং করা প্রয়োজন। আলোচ্য পয়ঃলাইনের ম্যানহোল কভার রাইজিং ও প্রতিস্থাপন করে উত্তোলিত স্লাজ নিরাপদ দূরত্বে ডাম্পিং করতে হবে। এ অবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে ঢাকা ওয়াসার গ্রাহক সেবা নিশ্চিত করনের জন্য আলোচ্য কাজগুলো দ্রুত সম্পাদন করা প্রয়োজন। সেই লক্ষ্যে মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ- ৫০৫ গুলশান-১ রোড নং- ১৮, ১৩২ ও গুলশান এ কে খন্দকার রোড এলাকায় ম্যানহোল কভার রাইজিং ও প্রতিস্থাপন করার নিমিত্তে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ৳ ৪৬,৯৫৫/- (ছেচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র) টাকা মাত্র। উক্ত ব্যয় অত্র বিভাগের চলতি ২০২৬-২০২৭ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কোড নং-০১-০৪-০০২, সুয়ার লাইন রক্ষনাবেক্ষন খাতের ক্রমিক নং- ৩৫ হতে নির্বাহ করা যেতে পারে।

২)এমতাবস্থায়, মডস জোন-৫ এর আওতাধীন ডিএমএ-৫০৫ এর গুলশান-১ রোড নং- ১৮, ১৩২ ও গুলশান এ কে খন্দকার রোড এলাকায় পর্যন্ত ম্যানহোল কভার রাইজিং এর কাজ সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারেঃ

- (ক) আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯/১(ড) ধারা অনুসরনে ভৌত সেবা খাতে সরাসরি চুক্তি সম্পাদনের অনুমোদন।
(খ) আলোচ্য কাজের সর্বমোট ৳ ৪৬,৯৫৫/- (ছেচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র) টাকার প্রাক্কলন অনুমোদন।
(গ) আলোচ্য কাজটি ঠিকাদার "মেসার্স সামিয়া এন্টারপ্রাইজ" এর মাধ্যমে সম্পন্ন করার অনুমোদন।
(ঘ) আলোচ্য কাজের ব্যয় অত্র বিভাগের ২০২৬-২০২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সুয়ার লাইন মেরামত খাতের (০১-০৪-০০২) থেকে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

২৭.০৭.২৬
মোঃ সাইফুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৫, ঢাকা ওয়াসা

২৭/০৭/২৬
মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী
সহকারী প্রকৌশলী
মডস জোন-০৫, ঢাকা ওয়াসা।

২৭/০৭/২৬
মোঃ শাহীন হাসান
নির্বাহী প্রকৌশলী (চঃ দঃ)
মডস জোন-৫, ঢাকা ওয়াসা

২৭/০৭/২৬
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

১৫/০৮/২৬

০৬/৮/২৬
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।